চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

৭ জুলাই ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নীতি নির্ধারনী সভায়
মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

৭ জুলাই ২০১৭ খ্রি. শুক্রবার, সকালে নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উর্ধ্বতন কর্তৃপক্ষকে নিয়ে নীতি নির্ধারনী সভা করেন। সভায় মেয়র সরকার প্রতিশ্রুত উন্নয়ন কর্মকান্ড পরিচালনা অব্যাহত রাখার স্বার্থে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুকুলে ২ হাজার ৫ শত কোটি টাকা বরাদ্ধ চেয়ে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী বরাবরে ৩ জুলাই ২০১৭ খ্রি. তারিখে প্রেরিত উপানুষ্ঠানিক পত্র প্রেরন এবং সম্প্রতি অতি বর্ষনের ফলে চট্টগ্রাম নগরীর ক্ষতিগ্রস্ত ১৫ টি সড়কের নাম উল্লেখ করে স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর বরাবরে নগরীর ক্ষতিগ্রস্ত সড়কসমূহ জরুরী ভিত্তিতে মেরামতের জন্য ৫শত কোটি টাকার থোক বরাদ্ধ চেয়ে পত্র প্রেরন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অবকাঠামোয় (রাস্তা, ড্রেন, কালভার্ট, ব্রীজ) বিভিন্ন সরকারী সংস্থা কর্তৃক নিজস্ব উন্নয়ন প্রকল্প গ্রহণের পূর্বে চট্টগ্রাম সিটি কর্পোরেশকে অবগত করন এবং ছাড়পত্র গ্রহণ প্রসঙ্গে ৩ জুলাই ২০১৭ খ্রি. তারিখে স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী,পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগের মাননীয় সচিব, পরিকল্পনা মন্ত্রনালয়ের মাননীয় সচিব, ভৌত অবকাঠামো বিভাগ এর সদস্য এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ের সচিব বরাবরে প্রেরিত উপানুষ্ঠানিক পত্র প্রেরণের বিষয় সহ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক জলাবদ্ধতা নিরসনের লক্ষে সংশ্লিস্ট মন্ত্রনালয়ে পেশকৃত ৫ হাজার ৭ শত কোটি টাকার মেগাপ্রকল্প সংক্রান্ত বিষয়ের উপর আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় সিডিএ পেশকৃত প্রকল্প সমূহের সাথে যাতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং অন্যান্য সংস্থার দাখিলকৃত প্রকল্প সমূহের পূনরাবৃত্তি না ঘটে সেদিকগুলো

বিবেচনায় এনে সংশ্লিস্ট মন্ত্রনালয়ে পেশকৃত সকল প্রকল্পের বিষয়বস্তু খতিয়ে দেখার নির্দেশনা দেয়া হয়। সভায় সিডিএ বা অন্য কোন সংস্থা কর্তৃক চট্টগ্রাম নগরীর উন্নয়ন সংক্রান্ত, অবকাঠামোগত অথবা অন্য যে কোন প্রকল্প গ্রহণ এবং সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে পেশ করার পূর্বে সংশ্লিষ্টদের গৃহিত এবং প্রস্তাবিত প্রকল্প সমূহের বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে অবগতকরন এবং ছাড়পত্র গ্রহনের সরকারি নির্দেশনা কঠোরভাবে মেনে চলার আহবান জানানো হয়। নীতি নির্ধারনী সভায় অন্যদের মধ্যে চসিক এর প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সামসুদ্দোহা, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা মো. সাইফুদ্দিন, তত্বাবধায়ক প্রকৌশলী মো. রফিকুল ইসলাম, মনিরুল হুদা সহ অন্যরা উপস্থিত ছিলেন।

৭ জুলাই ২০১৭ খ্রি.

ঐক্যবদ্ধ ও সুশৃঙ্খল আদর্শ সংগঠনের কর্মীবাহিনী যে কোন অশুভ শক্তিকে প্রতিহত করে সংগঠনকে শক্তিশালী অবস্থানে গড়ে তুলতে সক্ষম। ৪নং চান্দগাঁও ওয়ার্ড আওয়ামীলীগের ঈদ পুর্নমিলনী অনুষ্ঠানে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, ঐক্যবদ্ধ ও সুশৃঙ্খল আদর্শ সংগঠনের কর্মীবাহিনী যে কোন অশুভ শক্তিকে প্রতিহত করে সংগঠনকে শক্তিশালী অবস্থানে গড়ে তুলতে সক্ষম। তিনি বলেন পাড়ায়, মহল্লায়, ওয়ার্ড, থানা ও নগরে আওয়ামীলীগকে শক্তিশালী করে অপশক্তির সকল অপতৎপরতা প্রতিহত করতে হবে। আওয়ামীলীগ তৃনমূল মানুষের সংগঠন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে তিলে তিলে গড়ে উঠা এ সংগঠন মাটি ও মানুষের ভাষা বুঝে তাদের প্রতিটি দাবী বাস্তবায়ন করে যাচ্ছে। জননেত্রী বাংলার প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে আগামী নির্বাচনে আওয়ামীলীগকে বিপুল ভোটে জয়ী করার জন্য তিনি চান্দগাঁওবাসীর প্রতি আহবান জানান। ৬ জুলাই ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, সন্ধ্যায় স্থানীয় ওয়েষ্টার্ন পার্কে চট্টগ্রাম নগরীর ৪ নং চান্দগাঁও ওয়ার্ড আওয়ামীলীগ আয়োজিত ঈদ পুর্নমিলনী উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। সংগঠনের সভাপতি আলহাজ্ব নুর মোহাম্মদ নুরুর সভাপতিত্বে এবং সাধারন সম্পাদক বিজ্ঞ আইনজীবি আইয়ুব

খানের উপস্থাপনায় অনুষ্ঠিত ঈদ পুর্নমিলনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সিডিএ এর চেয়ারম্যান ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের কোষাধ্যক্ষ আলহাজ্ব আবদুচ ছালাম, চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের উপদেষ্টা ও জাতীয় শ্রমিকলীগের যুগ্ম সাধারন সম্পাদক আলহাজ্ব সফর আলী, সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের উপদেষ্টা ও চান্দগাঁও থানা আওয়ামীলীগের আহবায়ক সাবেক কমিশনার আলহাজ্ব নুরুল ইসলাম, মহানগর আওয়ামীলীগের তথ্য ও গবেষনা সম্পাদক চন্দন ধর। ওয়ার্ড আওয়ামীলীগের সহ সভাপতি ছদরুল আলম খান, মোজাহেরুল হক চৌধুরী, জাফর আহমদ খান, সৈয়দ মঈনুদ্দিন আলম, সাংগঠনিক সম্পাদক এনামুল হক, কোষাধ্যক্ষ মো. আইয়ুব, ওয়ার্ড আওয়ামীলীগের উপদেষ্টা মো. সিরাজুল ইসলাম চৌধুরী, মাহফুজুল আলম চৌধুরী, প্রবোধ বড়-য়া, আবদুস সালাম, মো. রফিক, সি ইউনিট আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোহাম্মদ হারুন, জাতীয় শ্রমিকলীগ কালুরঘাট শিল্পাঞ্চল শাখার সভাপতি আলী আকবর, চান্দগাঁও ওয়ার্ড আওয়ামীযুবলীগের সভাপতি শওকত আলী,সাধারন সম্পাদক সরওয়ার খান, সাংগঠনিক সম্পাদক ইব্রাহিম ভুট্টু, আওয়ামী ¯ে^চ্ছাসেবকলীগ নেতা শওকত আকবর রাশেদ, হাসান মুরাদ জাবেদ, জামাল উদ্দিন, ছাত্রলীগ নেতা সাফায়েত, শাখাওয়াত, হুমায়ুন করিম হেলাল ও সুমন সহ অন্যরা বক্তব্য রাখেন। পুর্নমিলনী অনুষ্ঠানের বিশেষ অতিথি চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান ও মহানগর আওয়ামীলীগের কোষাধ্যক্ষ আলহাজ্ব আবদুচ ছালাম বলেন, শেখ হাসিনার ভিশন ও উন্নয়ন কার্যক্রম তরান্বিত করতে আওয়ামীলীগের সর্বস্তরের নেতা-কর্মীদের নিরলস পরিশ্রম করতে হবে। আসন্ন নির্বাচনে দলকে জয়ী করার জন্য সকলকে একতাবদ্ধ থাকতে হবে।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা